গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং: ৫৭.০৩.০০০০.০১০.৪০.০০৭.২১-৭৬ তারিখ : ০৬ জানুয়ারি, ২০২২ খ্রি.

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত জুনিয়র ভোকেশনাল (ষষ্ঠ-অষ্টম), এসএসসি (ভোকেশনাল), দাখিল (ভোকেশনাল), এইচএসসি (ভোকেশনাল) ও চার বছর মেয়াদী ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং প্রতিষ্ঠানসমূহে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা প্রদান কার্যক্রমে ইতোমধ্যে সারাদেশের ৩৭০৪টি সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান অন্তর্ভুক্ত আছে। ২০২১-২২ অর্থবছরের জুলাই-ডিসেম্বর মেয়াদে এসএসসি ভোকেশনাল ও দাখিল ভোকেশনাল কোর্স পরিচালনাকারী সকল সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান এবং শুধু নতুন ৩৫ টি সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজের ষষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের ডাটা Entry/Update নিম্মোক্ত ছক অনুযায়ী সম্পন্ন করতে হবে:

পর্ব/শ্রেণি	কার্যক্রম	মন্তব্য
ষষ্ঠ	MIS-এ জুলাই-ডিসেম্বর,২০২১ মেয়াদের জন্য নতুন ডাটা এন্ট্রি করতে হবে	শুধু ২০২১ সনে চালুকৃত নতুন ৩৫ টি সরকারি টিএসসি'র জন্য প্রযোজ্য। সকল ক্ষেত্রে উপবৃত্তি প্রাপ্তির শর্ত প্রতিপালন করতে হবে।
নবম	জুলাই-ডিসেম্বর,২০২১ মেয়াদের জন্য প্রয়োজন সাপেক্ষে ডাটা Entry/ Update করতে হবে	এই শিক্ষার্থীরা গত মেয়াদে (জানুয়ারি-জুন,২০২১) উপবৃত্তি পেয়েছে। কোন শিক্ষার্থী এই মেয়াদে উপবৃত্তির জন্য অযোগ্য বিবেচিত হলে MIS থেকে তার ডাটা Deactivate (নিষ্ক্রিয়) করে দিতে হবে। গত মেয়াদে উপবৃত্তি পায়নি কিন্তু এই মেয়াদে যোগ্য, এমন শিক্ষার্থীর ডাটা নতুন করে এন্ট্রি করতে হবে। একই শিক্ষার্থীর একাধিক ডাটা এন্ট্রি হয়ে থাকলে একটি ডাটা রেখে অন্যটি Deactivate (নিষ্ক্রিয়) করতে হবে। কোন ক্রমেই ডুপ্লিকেট ডাটা প্রেরণ করা যাবে না। সকল ক্ষেত্রে উপবৃত্তি প্রাপ্তির শর্ত প্রতিপালন করতে হবে।
দশম	জুলাই-ডিসেম্বর,২০২১ মেয়াদের জন্য প্রয়োজন সাপেক্ষে ডাটা Entry/ Update করতে হবে	এই শিক্ষার্থীরা গত মেয়াদে (জানুয়ারি-জুন,২০২১) উপবৃত্তি পেয়েছে। বর্তমানে অধ্যয়নরত এই সকল শিক্ষার্থীর মধ্যে কোন শিক্ষার্থী এই মেয়াদে উপবৃত্তির জন্য অযোগ্য বিবেচিত হলে MIS থেকে তার ডাটা Deactivate (নিষ্ক্রিয়) করে দিতে হবে। গত মেয়াদে উপবৃত্তি পায়নি কিন্তু এই মেয়াদে যোগ্য, এমন শিক্ষার্থীর ডাটা নতুন করে এন্ট্রি করতে হবে। উল্লেখ্য, 'এসএসসি পরীক্ষার্থী ২০২১' হিসেবে যে সকল শিক্ষার্থীদের এন্ট্রি করা হয়েছিল তাদের MIS থেকে Deactivate (নিষ্ক্রিয়) করতে হবে। একই শিক্ষার্থীর একাধিক ডাটা এন্ট্রি হয়ে থাকলে একটি ডাটা রেখে অন্যটি Deactivate (নিষ্ক্রিয়) করতে হবে। কোন ক্রমেই ডুপ্লিকেট ডাটা প্রেরণ করা যাবে না। সকল ক্ষেত্রে উপবৃত্তি প্রাপ্তির শর্ত প্রতিপালন করতে হবে।
একাদশ	ডাটা এন্ট্রির প্রয়োজন নেই	অদ্যাবধি একাদশ শ্রেণিতে ভর্তি কার্যক্রম শুরু হয় নি। ভর্তি কার্যক্রম সম্পন্ন হওয়ার পর কারিগরি শিক্ষা অধিদপ্তরের নোটিশ প্রাপ্তি সাপেক্ষে যোগ্য শিক্ষার্থীদের ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে। নোটিশ প্রাপ্তির পূর্বে MIS-এ কোন ডাটা আপডেট করা যাবে না। সকল ক্ষেত্রে উপবৃত্তি প্রাপ্তির শর্ত প্রতিপালন করতে হবে।
দ্বাদশ (নতুন)	ডাটা এন্ট্রির প্রয়োজন নেই	এই শিক্ষার্থীরা গত মেয়াদে (জানুয়ারি-জুন,২০২১) একাদশ শ্রেণি হিসেবে উপবৃত্তি পেয়েছে। এদের ২০২১ সনের একাদশ বোর্ড সমাপনী পরীক্ষা শেষ হয়েছে এবং বর্তমানে শিল্প-কারখানা প্রশিক্ষণ চলছে। একাদশ সমাপনী পরীক্ষার ফলাফল প্রকাশিত হওয়ার পর কারিগরি শিক্ষা অধিদপ্তরের নোটিশ প্রাপ্তি সাপেক্ষে যোগ্য শিক্ষার্থীদের ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে। নোটিশ প্রাপ্তির পূর্বে MIS-এ কোন ডাটা আপডেট করা যাবে না। সকল ক্ষেত্রে উপবৃত্তি প্রাপ্তির শর্ত প্রতিপালন করতে হবে।
ডিপ্লোমা ২য় পর্ব ডিপ্লোমা ৪র্থ পর্ব	জানুয়ারি-জুন,২০২১ মেয়াদের জন্য প্রয়োজন	এই শিক্ষার্থীরা গত মেয়াদে (জুলাই-ডিসেম্বর,২০২০) উপবৃত্তি পেয়েছে। এসকল শিক্ষার্থীরা ১ম ও ৩য় পর্বের পর্বসমাপনী পরীক্ষার ফলাফলের ভিত্তিতে জানুয়ারি-

	সাপেক্ষে ডাটা Entry/ Update করতে হবে	জুন,২০২১ মেয়াদের ২য় ও ৪র্থ পর্বের জন্য উপবৃত্তি পাবে। সেক্ষেত্রে উত্তীর্ণ শিক্ষার্থীদের ১ম পর্ব থেকে ২য় পর্বে এবং ৩য় পর্ব থেকে ৪র্থ পর্বে ডাটা আপডেট করতে হবে। কোন শিক্ষার্থী এই মেয়াদে উপবৃত্তির জন্য অযোগ্য বিবেচিত হলে MIS থেকে তার ডাটা Deactivate (নিষ্ক্রিয়) করে দিতে হবে। গত মেয়াদে উপবৃত্তি পায়নি কিন্তু এই মেয়াদে যোগ্য, এমন শিক্ষার্থীর ডাটা নতুন করে এন্ট্রি করে আঞ্চলিক পরিচালকের কার্যালয়ে MIS এর মাধ্যমে প্রেরণ করতে হবে। একই শিক্ষার্থীর একাধিক ডাটা এন্ট্রি হয়ে থাকলে একটি ডাটা রেখে অন্যটি Deactivate (নিষ্ক্রিয়) করতে হবে। কোন ক্রমেই ডুপ্লিকেট ডাটা প্রেরণ করা যাবেনা। সকল ক্ষেত্রে উপবৃত্তি প্রাপ্তির শর্ত প্রতিপালন করতে হবে।
ডিপ্লোমা ৬ষ্ঠ পর্ব ডিপ্লোমা ৮ম পর্ব	ডাটা এন্ট্রির প্রয়োজন নেই	এই শিক্ষার্থীরা গত মেয়াদে (জুলাই-ডিসেম্বর,২০২০) উপবৃত্তি পেয়েছে। এসকল শিক্ষার্থীর সদ্য শেষ হওয়া ৫ম ও ৭ম পর্বের পর্ব সমাপনী পরীক্ষার ফলাফল অদ্যাবধি প্রকাশিত হয় নি। ফলাফল প্রকাশিত হওয়ার পর কারিগরি শিক্ষা অধিদপ্তরের নোটিশ প্রাপ্তি সাপেক্ষে যোগ্য শিক্ষার্থীদের ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে। নোটিশ প্রাপ্তির পূর্বে MIS-এ কোন ডাটা আপডেট করা যাবে না। সকল ক্ষেত্রে উপবৃত্তি প্রাপ্তির শর্ত প্রতিপালন করতে হবে।

২। প্রতিষ্ঠান কর্তৃক http://114.130.119.58/dte লিংকে প্রবেশ করে ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রদানপূর্বক উল্লিখিত শিক্ষার্থীদের ডাটা এন্ট্রি/Edit/Update আগামী **১০/০১/২০২২ থেকে ২০/০১/২০২২** তারিখের মধ্যে নির্ভুল ভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

০৬/১/২২

(এস. এম. মঈন উদ্দীন আহম্মেদ)
পরিচালক (প্রশাসন)
কারিগরি শিক্ষা অধিদপ্তর

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/ রাজশাহী/বরিশাল/খুলনা/ময়মনসিংহ/সিলেট/রংপুর ।

২। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);

৩। অধ্যক্ষ (সকল), পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট;

৪। অধ্যক্ষ (সকল), টেকনিক্যাল স্কুল এ্যান্ড কলেজ;

৫। সিস্টেম অ্যানালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);

৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর। (বিজ্ঞপ্তিটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);

৭। অধ্যক্ষ (সকল), বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউট;

৮। প্রধান শিক্ষক/সুপারিনটেন্ডেন্ট (সকল), বেসরকারি সংযুক্ত/স্বতন্ত্র ভোকেশনাল স্কুল;

৯। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য);

১০। সংশ্লিষ্ট নথি।